**AKASHVANI Kolkata**
**Regional News Unit**

**Date : 11-05-2026** **Desk in Charge : S.D.G.**
**Time : 7.35 AM** **Edit.& Compile : Sudip B.**
**DEO : KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, পশ্চিম এশিয়ার সঙ্ঘাতের জেরে উদ্ভূত পরিস্থিতিতে, দেশবাসীকে পেট্রো পণ্যের পরিমিত ব্যবহারের আহ্বান জানিয়েছেন।

২/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে আজ নবান্নে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক। #রাজ্যের আইনশৃঙ্খলা এবং সার্বিক পরিস্থিতি নিয়ে একাধিক প্রশাসনিক বৈঠকের'ও কর্মসূচী রয়েছে।

৩/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায়, উত্তরপ্রদেশ থেকে তিনজন শার্প শ্যুটার গ্রেপ্তার।

৪/ ২০১৯ ব্যাচের IAS আধিকারিক পি. প্রমোথ এবং ২০২০ ব্যাচের IAS অফিসার নবনীত মিত্তলকে মুখ্যমন্ত্রীর দফতরে যুগ্ম সচিব পদে নিয়োগ করা হয়েছে।

৫/ দেশে সম্ভাব্য তাপপ্রবাহ পরিস্থিতি ও বন্যা মোকাবিলায় একটি সমন্বিত ব্যবস্থা গড়ে তোলার ওপর জোর দিয়েছেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। **#**দক্ষিণবঙ্গে আগামী কয়েকদিন তাপমাত্রা ৩' থেকে ৪ ডিগ্রি বৃদ্ধির সম্ভাবনা।

৬/ ISL ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গনে, ইস্টবেঙ্গল আজ পাঞ্জাব এফসি-র বিরূদ্ধে খেলবে।

**********************************************************************************

পশ্চিম এশিয়ার সংঘাতের ফলে উদ্ভূত বিশ্বব্যাপী জ্বালানি সংকট ভারত অত্যন্ত দক্ষতার সঙ্গে মোকাবিলা করছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উল্লেখ করেছেন। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের সময়োপযোগী পদক্ষেপের কারণেই এই পরিস্থিতি মোকাবিলা দেওয়া সম্ভব হয়েছে। তবে বর্তমান সময়ে জ্বালানির নিয়ন্ত্রিত ও পরিমিত ব্যবহার অত্যন্ত জরুরি বলে তিনি দেশবাসীকে সতর্ক করেছেন।

( বাইট- প্রধানমন্ত্রী / ওয়েস্ট এশিয়া)

**********************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ আনুষ্ঠানিকভাবে প্রশাসনিক কাজকর্ম শুরু করবেন। নবান্নর ১৪ তলায় ক্যাবিনেট রুমে হবে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক। এদিনই তিনি পাঁচ মন্ত্রীর দপ্তর বন্টন করবেন। নতুন মুখ্যমন্ত্রীকে স্বাগত জানাতে নবান্নে গার্ড অব অনার দেওয়া হবে।

প্রথম মন্ত্রিসভার বৈঠকে বিজেপির নির্বাচনী প্রতিশ্রুতি নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে। রাজ্যে 'আয়ুষ্মান ভারত' প্রকল্প চালু করা, 'অন্নপূর্ণার ভাণ্ডার', সপ্তম পে কমিশন ইত্যাদি নিয়ে বৈঠকে আলোচনা করবেন মুখ্যমন্ত্রী।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

এদিকে, নতুন বিধায়কদের শপথবাক্য পাঠ করানোর জন্য তিনদিন বসছে বিধানসভা। আগামী বুধ, বৃহস্পতি ও শুক্রবার বিধায়কদের শপথবাক্য পাঠ করানো হবে বলে খবর। তার আগে আগামীকাল নির্বাচিত হবেন অধ্যক্ষ-প্রতীম বা প্রোটেম স্পিকার। রাজ্যপাল RN রবি তাঁকে শপথবাক্য পাঠ করাবেন। সূত্রের খবর, প্রোটেম স্পিকারের দায়িত্ব পাচ্ছেন তাপস রায়।

**********************

নবান্নে মুখ্যমন্ত্রীর প্রথম বৈঠককে কেন্দ্র করে নিরাপত্তা আরও জোরদার করতে তৎপর হাওড়া ও কলকাতা পুলিশ। কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দ এবং হাওড়ার পুলিশ কমিশনার অখিলেশ চতুর্বেদী গতকাল নবান্ন চত্ত্বর ও আশপাশের এলাকা পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরাও। পরে নবান্ন সভাঘরে নিরাপত্তা সংক্রান্ত  জরুরি বৈঠকও করেন তাঁরা।

**********************

২০১৯ ব্যাচের IAS আধিকারিক পি. প্রমোথ এবং ২০২০ ব্যাচের IAS অফিসার নবনীত মিত্তলকে মুখ্যমন্ত্রীর দফতরে যুগ্ম সচিব পদে নিয়োগ করা হয়েছে। বর্তমানে পি প্রমোথ অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং বস্ত্র দফতরের যুগ্ম সচিব পদে কর্মরত ছিলেন।

অন্যদিকে, নবনীত মিত্তল নিযুক্ত ছিলেন পশ্চিম মেদিনীপুরের অতিরিক্ত জেলাশাসক পদে।

**********************

আলিপুরে রাজ্যের অতিথিশালা-সৌজন্য, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বাসভবন হিসেবে ব্যবহার করা যায় কিনা, তা নিয়ে গতকাল বৈঠকে বসে রাজ্য প্রশাসন। ওই ভবনের নিরাপত্তাও খতিয়ে দেখেন কলকাতা পুলিশের শীর্ষ কর্তারা। তবে মুখ্যমন্ত্রী এই ভবনেই থাকবেন কিনা এখনও তা চূড়ান্ত হয়নি। তিনি বর্তমানে চিনার পার্কে থাকেন।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিজেপি সরকারের জনকল্যাণমূলক নীতিই পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে দলের জয়ের পথ প্রশস্ত করেছে। বেঙ্গালুরুতে গতকাল এক অনুষ্ঠানে অংশ নিয়ে বাংলায় বিজেপির সাফল্যের কাহিনী দলীয় কর্মীদের সঙ্গে ভাগ করে নেন তিনি। শ্রী মোদী বলেন, গত ১০ বছরে দলীয় নেতা কর্মীরা যেভাবে নিষ্ঠার সঙ্গে কাজ করে গেছেন, তার ফলেই এই জয় এসেছে।

**********************

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুর বলেছেন, তৃণমূল সরকারের জমানায় যেসব শিক্ষক, কর্মচারী, ছাত্র, যুবরা বঞ্চিত হয়েছিলেন, তাঁদের অধিকার প্রতিষ্ঠাই, নতুন সরকারের দায়িত্ব হওয়া উচিত। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, গণতন্ত্রে মানুষের মতামত, শেষ কথা বলে।

( বাইট- অধীর )

**********************

রাজ্যে বিধানসভা নির্বাচনে পরাজয়ের পর কংগ্রেস এবং বামপন্থী দলগুলিকে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী এক মঞ্চ থেকে লড়াইয়ের যে বার্তায় দিয়েছেন, বিজেপি তার সমালোচনা করেছে। দলের রাজ্যসভার সাংসদ রাহুল সিনহা গতকাল সাংবাদিকদের বলেন, মমতা ব্যানার্জীর সমর্থনে আর কোনো দলই এগিয়ে আসবে না। কারণ সকলেই জানেন, তাঁর নীতি হল হিংসা এবং ভয়ের পরিবেশ তৈরি করা।

( বাইট- রাহুল সিন্‌হা )

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী, নির্বাচনে ব্যাপক পরাজয়ের পর, এখন বিরোধী ঐক্যের কথা বলছেন বলে, কংগ্রেস কটাক্ষ করেছে। দলের মুখপাত্র সৌম্য আইচ রায় বলেন, সারা দেশে যখন বিরোধী ঐক্য গড়ে তোলার কথা হচ্ছিল, তখন মমতা ব্যান্ররজী কার্যত তার বিরোধিতা করেছেন।

( বাইট- সৌম্য )

**********************

বকেয়া মহার্ঘ ভাতা অবিলম্বে মেটানো, সপ্তম বেতন কমিশন গঠন সহ বেশ কিছু বিষয় নিয়ে কথা বলার জন্য সময় চেয়ে, বাম সমর্থিত সরকারি কর্মচারী সংগঠন-রাজ্য কোঅর্ডিনেশন কমিটি, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে চিঠি দিয়েছে। নবনির্বাচিত সরকার, জনকল্যাণমূলক নীতি প্রণয়ন ও কার্যক্রমে দ্রুত উদ্যোগী হবে বলে সংগঠনের সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরীর ওই চিঠিতে আশা প্রকাশ করেছেন।

**********************

দেশে সম্ভাব্য তাপপ্রবাহ পরিস্থিতি ও বন্যা মোকাবিলায় একটি সমন্বিত ব্যবস্থা গড়ে তোলার ওপর জোর দিয়েছেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।
গতকাল একটি উচ্চ পর্যায়ের বৈঠকে যোগ দিয়ে তিনি বিপর্যয় মোকাবিলা দপ্তর- NDMA-কে এব্যাপারে বিস্তৃত সমীক্ষার নির্দেশ দেন। বৈঠকে, জল সংরক্ষণ এবং ভূগর্ভস্থ জলস্তর বৃদ্ধিতে 'চেক ড্যাম' ব্যাবস্থাকে শক্তিশালী করার ওপরেও জোর দেওয়া হয়েছে।

**********************

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে, বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা থাকলেও, সার্বিকভাবে বৃষ্টির পরিমাণ কমবে।

তবে, উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে আগামীকাল (মঙ্গলবার) থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী কয়েকদিন তাপমাত্রা ৩ থেকে ৪ ডিগ্রী বাড়ার সম্ভাবনা।

**********************

হুগলীর আরামবাগের ডঙ্গল এলাকায় দীর্ঘদিন বন্ধ থাকা তৃণমূল কংগ্রেসের একটি কার্যালয় থেকে বিপুল পরিমাণে 'জব কার্ড' উদ্ধার হওয়ায়, চাঞ্চল্য ছড়িয়েছে। উদ্ধার হয়েছে প্রচুর থান কাপড়।

স্থানীয় সূত্রে জানা গেছে, কয়েকজন স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মীকে সঙ্গে নিয়ে গতকাল বন্ধ থাকা পার্টি অফিসটি খোলেন বিজেপি কর্মীরা। এই বিপুল পরিমাণে 'জব কার্ড' সেখানে কি করে এলো, সে ব্যাপারে তদন্তের দাবী জানানো হয়েছে।

**********************

ISL ফুটবলে আজ ইস্টবেঙ্গল, পাঞ্জাব এফসি-র বিরূদ্ধে খেলবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল লিগ তালিকার শীর্ষে রয়েছে। সপ্তম স্থানে থাকা পাঞ্জাব এফসি- র সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১৮ ।

**********************

**<u>সংযোজনঃ-</u>**

একটু আগে পাওয়া খবরে জানা গেছে, (মুখ্যমন্ত্রী) শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায়, উত্তরপ্রদেশ থেকে তিনজন শার্প শ্যুটারকে গ্রেপ্তার করেছে পুলিশের বিশেষ তদন্তকারী দল সিট। ধৃতদের ভবানীভবনে দফায় দফায় জেরা চলছে।

*************************************************************************